

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-১২৪

তারিখ: ২১ মার্চ, ২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে আগামী ২৯ মার্চ, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন, একাদশ জাতীয় সংসদের ৩৬ বগুড়া-১ ও ৯০ যশোর-৬ শূন্য আসনের নির্বাচন স্থগিত করা হয়েছে।

এছাড়া ২৯ মার্চ, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য সকল নির্বাচন-৯টি পৌরসভার মেয়রসহ বিভিন্ন পদের উপনির্বাচন, ৫টি জেলায় জেলা পরিষদের ৫টি পদের উপনির্বাচন, উপজেলা পরিষদের নির্বাচনসহ ৯৩টি ইউনিয়ন পরিষদের বিভিন্ন পদের নির্বাচন স্থগিত ঘোষণা করা হয়েছে।

স্থগিত এ সকল নির্বাচন অনুষ্ঠানের তারিখ মাননীয় কমিশন করোনা পরিস্থিতি বিবেচনায় নিয়ে পরবর্তীতে ঘোষণা করবেন।

তবে, ২৯ মার্চ, ২০২০ তারিখে অনুষ্ঠিতব্য বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচনে যে সকল পদের প্রার্থীগণ বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন তাদের নাম গেজেটে প্রকাশ করা হবে।



২১/৩/২০২০

(মোহাঃ ইসরাইল হোসেন)

পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫২০